

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
শৃংখলা-১ শাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১২৪.২০১৫-৭০৭

তারিখঃ ২৫.১০.২০১৫ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন


যেহেতু, ডাঃ মোঃ মাসুদ ইকবাল (৩৯২৪৯), সহযোগী অধ্যাপক (নেফ্রোলজি), স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ, ঢাকা এর বিরুদ্ধে বিজ্ঞ নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, আদালত-৪, ঢাকায় ৪২৯/২০১৪ ফৌজদারী মামলা দায়েরের পরিপ্রেক্ষিতে বিজ্ঞ আদালত কর্তৃক গত ২১.০৬.২০১৫ তারিখে ডাঃ মোঃ মাসুদ ইকবাল (৩৯২৪৯) এর বিরুদ্ধে অভিযোগ (চার্জ) গঠন করা হয়েছে;

যেহেতু, মহামান্য হাইকোর্টে দায়েরকৃত ১০৬৪৪/২০১৫ রিট পিটিশন এর পরিপ্রেক্ষিতে মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ ১৯.১০.২০১৫ তারিখের রায়ে ডাঃ মোঃ মাসুদ ইকবাল (৩৯২৪৯), সহযোগী অধ্যাপক (নেফ্রোলজি), স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ, ঢাকাকে রায়ের তারিখ হতে ০৩ মাসের জন্য চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত করার আদেশ প্রদান করেছেন;

সেহেতু, বি.এস.আর.পার্ট-১ এর ৭৩নং বিধির নোট-২ এবং মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ ১৯.১০.২০১৫ তারিখের রায়ের আলোকে ডাঃ মোঃ মাসুদ ইকবাল (৩৯২৪৯), সহযোগী অধ্যাপক (নেফ্রোলজি), স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ, ঢাকাকে ১৯.১০.২০১৫ খ্রিঃ তারিখ থেকে পরবর্তী ০৩(তিন) মাসের জন্য সরকারি চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হল;

সাময়িক বরখাস্তকালীন তিনি বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন;

জনস্বার্থে এ আদেশ জারি করা হল।

  
(সৈয়দ মনজুরুল ইসলাম)  
সচিব

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১২৪.২০১৫-৭০৭/৩ (২)

তারিখঃ ২৫.১০.২০১৫ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিমুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় জারিপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (ডেটাবেইজে সংরক্ষণ করার জন্য)।
- ৩। অধ্যক্ষ, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ, ঢাকা।
- ৪। উপ-সচিব (পার-১/পার-২ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
- ৬। উপরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৭। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৮। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৯। ডাঃ মোঃ মাসুদ ইকবাল (৩৯২৪৯), সহযোগী অধ্যাপক (নেফ্রোলজি), স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ, ঢাকা।

  
(আসমা ভাস্কিন)  
উপ-সচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

[sasdisc1@mohfw.gov.bd](mailto:sasdisc1@mohfw.gov.bd)